



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
GAZIPUR PALLI BIDYUT SAMITI-1

ISO 9001:2015 CERTIFIED



সদর দপ্তর  
চান্দনা, গাজীপুর।  
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮  
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪

E-Mail: gazipbs@yahoo.com  
Web: pbs1.gazipur.gov.bd

স্মারকনং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২১. ২৭৪

তারিখ- ২২ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনানুযায়ী মালামাল ক্রয়ের জন্য গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/ ঠিকাদারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিবরণ	দরপত্র জামানতের পরিমাণ (ফেরৎযোগ্য)	দরপত্র দলিলের মূল্য (অফেরৎযোগ্য)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
০৭/২০২০-২০২১	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	১৫,০০০.০০	১০০০.০০	২৫/০৩/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ০৭/০৪/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত	০৮/০৪/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত	০৮/০৪/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০৫ ঘটিকা

শর্তাবলীঃ-

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে গাজীপুর পবিস-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- আগ্রহী দরদাতাগণ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য ছকে উল্লেখিত পরিমাণ টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট সংযুক্ত করতঃ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর অথবা পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারাধ্যমে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- আগ্রহী দরদাতাগণ আগামী ০৮/০৪/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র (ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর-এ রক্ষিত টেন্ডার বাঞ্চে অথবা (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে পারবেন। বিলম্বে গৃহীত দরপত্র গ্রহণ করা হবে না এবং খাম বন্ধ অবস্থায় বাতিল বলে গণ্য করা হবে। দাখিলকৃত দরপত্র সমূহ একই দিন বেলা ১১:০৫ ঘটিকার সময় গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ও পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।
- প্রতিটি দরপত্রের সাথে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার (ফেরৎযোগ্য) পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই এককদর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচিত হবে।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
২২/৩/২০২১  
২০২১